গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সাথে নভেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম খান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৯ নভেম্বর ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানের প্রতিনিধিগণ এবং এ বিভাগের সকল অতিরিক্ত সচিব ও যুগ্মসচিববৃন্দ উপস্থিত ছিলেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তার সাথে পরিচিতি/ মত বিনিময় করেন। তিনি বলেন, জননিরাপত্তা বিভাগ আওতাধীন অধিদপ্তর/সংস্থার মাধ্যমে অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা রক্ষা, সামজিক অপরাধ প্রতিরোধ ও জনগণের স্বাভাবিক জীবনযাত্রা নিশ্চিতকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। জনশৃঙ্খলা নিশ্চিত করে সুশাসন প্রতিষ্ঠায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সক্ষমতা বৃদ্ধির জন্য সরকার বদ্ধপরিকর। এ জন্য আন্তবাহিনী/ দাপ্তরিক সম্পর্ক জোরদারের মাধ্যমে তথ্য শেয়ার করলে সরকারের উন্নয়নমূলক কার্যক্রমে গতিশীলতা আসবে। অতঃপর গত অক্টোবর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)- কে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

সভায় কার্যক্রম মোতাবেক গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভায় জানান, এ বিভাগের সকল অধিদপ্তর/ সংস্থার সাথে সমন্বয় করে সম্পন্ন করা হচ্ছে। NIS, GRS, Citizen's Charter ইত্যাদি'র সূচকসমূহ যথাসময়ে অর্জনের লক্ষ্যে কার্যক্রম চলমান। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত, মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসহ বিভিন্ন প্রতিবেদনে যথাসম্ভব পরিসংখ্যান উল্লেখ করে মাসভিত্তিক তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করার বিষয়ে সকল অধিদপ্তর/ সংস্থাসমূহের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার মধ্যে বেশ কয়েকটি প্রতিশ্রুতি/ নির্দেশনা উন্নয়নমূলক। এ সকল প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন হওয়া দরকার। তিনি ডিপিপি অনুসরণ করে প্রতিটি প্রকল্পের PIC ও PSC সভা অনুষ্ঠান করা, প্রকল্প সরেজমিন পরিদর্শন করে তার অগ্রগতি বাড়ানো এবং সুপারিশসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় তুলে ধরেন।

যুগ্মসচিব (রাজনৈতিক-২) বলেন, বর্তমান সরকার ২০০৮ সালে ক্ষমতায় আসার পর দেশের রাজনৈতিক, অর্থনৈতিক, সামজিক বিভিন্ন ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। সারাদেশের আইন-শৃঙ্খলা অবস্থা এখন আগের যেকোন সময়ের চেয়ে ভালো এবং স্থিতিশীল। সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন ত্বরান্বিত করা হলে এ বিভাগের কার্যক্রম আরও গতিশীল

হবে মর্মে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

যুগ্ম সচিব (বাজেট) বলেন, সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেনে সকল দপ্তর/ সংস্থার website হালনাগাদ করা এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া দপ্তর/ সংস্থাসমূহের অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করে এ বিভাগে রিপোর্ট দাখিল করলে সরকারের অর্থ ব্যয় সম্পর্কে কর্মকর্তাদের দায়িত্বশীলতা, জবাবদিহিতা বাড়বে। এছাড়া সরকারি অর্থ খরচের ক্ষেত্রে যেন আইন/ বিধি এবং সময়ে সময়ে অর্থ মন্ত্রণালয়ের জারিকৃত নির্দেশনা প্রতিপালন করা হয় সে জন্য সভায় মত দেন।

যুগ্ম সচিব (আইন) সভায় মত দেন, সন্ত্রাস বিরোধী আইনে রুজুকৃত যে সকল মামলা আদালতের আদেশে স্থগিত রয়েছে সে সকল মামলাসমূহ সচল করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

সভায় অংশগ্রহণকরী দপ্তর/ সংস্থাসমূহের প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিস্তারিত আলোচনা করেন। জননিরাপত্তা বিভাগের নির্দেশনায় সকল দপ্তর/ সংস্থা তাদের উপর অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে দেশের উন্নয়ন ও সুশাসন নিশ্চিতকরণ, মানুষের নিরাপত্তা প্রদানসহ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সচেষ্ট রয়েছে মর্মে তারা সভায় উল্লেখ করেন।

সভায় বিভিন্ন দপ্তরের চিঠিপত্র পেন্ডিং, প্রশিক্ষণ, উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতি, মন্ত্রিপরিষদ ও অর্থ বিভাগসহ সরকারের বিভিন্ন নির্দেশনা ইত্যাদি আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৫.১ | প্রত্যেক দপ্তর/ সংস্থা সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসারে চিঠিপত্র/ নথি নিষ্পত্তি করবে। | সকল দপ্তর/ সংস্থা প্রধান |
| ৫.২ | ক) ডিপিপি অনুসারে প্রত্যেক দপ্তর/ সংস্থা তাদের উন্নয়ন প্রকল্পসমূহের প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (PIC) এবং প্রজেক্ট স্ট্যান্ডিং কমিটি (PSC)'র সভা করবে; এবং<br>খ) PIC ও PSC সভার কার্যবিবরণী এবং গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, পরিকল্পনা অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ৫.৩ | ক) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত, নির্বাচনী ইশতেহার এবং জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করতে হবে;<br>খ) জাতীয় সংসদের প্রশ্নোত্তর, জাতীয় সংসদের স্থায়ী কমিটির সুপারিশ ইত্যাদির অগ্রগতি প্রতিবেদন দ্রুত, মাসভিত্তিক তথ্য matrix আকারে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করতে হবে;<br>৩) সংশ্লিষ্ট অনুবিভাগ তাদের নিজ নিজ দপ্তর/ সংস্থা হতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যাচাই-বাছাই করে সমন্বয় সভায় উপস্থাপনের জন্য প্রস্তুত করবেন। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ৫.৪ | সন্ত্রাস বিরোধী/ জঙ্গি, নাশকতা রোধ আইনে রুজুকৃত যে সকল মামলা আদালতের আদেশে স্থগিত রয়েছে সে সকল মামলাসমূহ সচল করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, আইন ও শৃঙ্খলা অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ |
| ৫.৫ | (ক) সরকারি অর্থ খরচের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন/ বিধি এবং সময়ে সময়ে জারিকৃত অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মানতে হবে;<br>(খ) সকল দপ্তর/ সংস্থা তাদের দপ্তরের অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে এবং এ বিভাগে মাসভিত্তিক প্রতিবেদন প্রেরণ করবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ |
| ৫.৬ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেনে সকল দপ্তর/ সংস্থার website হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা প্রধান, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ |

৬. পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমিনুল ইসলাম খান
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.২৮১

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯
১৫ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।

২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ

আশাফুর রহমান
উপসচিব